বাংলাদেশ কম্পিউটার সমিতি
BANGLADESH COMPUTER SAMITY
The ICT Industry Association of Bangladesh

তারিখ: ২৬ নভেম্বর ২০২৬

# বিশেষ সাধারণ সভার বিজ্ঞপ্তি

এই মর্মে বিজ্ঞপ্তি জারি করা যাচ্ছে যে, বাংলাদেশ কম্পিউটার সমিতির এক বিশেষ সাধারণ সভা নিম্নলিখিত স্থান, তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে:

| | | |
|---|---|---|
| স্থান | : | শহীদ আবু সাইদ ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টার (২য় তলা), মিন্টু রোড (হোটেল ইন্টারকন্টিনেন্টাল এর বিপরীতে) , ঢাকা। |
| তারিখ ও সময় | : | ১৯ ডিসেম্বর ২০২৬, শনিবার, সন্ধ্যা ৬:০০ মিনিট |

উক্ত বিশেষ সাধারণ সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

১. **"বাংলাদেশ কম্পিউটার সমিতির সংঘবিধি সংশোধন"**

উপরোল্লিখিত বিশেষ সাধারণ সভায় বাংলাদেশ কম্পিউটার সমিতির সম্মানিত সদস্যবৃন্দকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।



মোহাম্মদ জহিরুল ইসলাম
সভাপতি

সংযুক্তি: বাংলাদেশ কম্পিউটার সমিতির সংঘবিধি সংশোধনী প্রস্তাব

বাংলাদেশ কম্পিউটার সমিতি
BANGLADESH COMPUTER SAMITY
The ICT Industry Association of Bangladesh

# সংঘবিধি সংশোধনী প্রস্তাব

| অধ্যায় | ধারা নং | ধারার বর্তমান বিবরণ | ধারার প্রস্তাবিত সংশোধনীর বিবরণ | ধারার সংশোধন/ সংযোজন/ বিলুপ্তিকরণ |
|---|---|---|---|---|
| সংঘস্মারক | ১ | সমিতির নাম "বাংলাদেশ কম্পিউটার সমিতি"। | সমিতির নাম "বাংলাদেশ এসোসিয়েশন অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (Bangladesh Association of Information and Communication Technology)"। | ধারা নং ১ সংশোধন |
| সংঘবিধি | ৬ | সমিতির সদস্য<br><br>সাধারণ সদস্য: কম্পিউটারের গঠন, বিক্রয়, উৎপাদন ও কম্পিউটারের সাহায্যকারী সামগ্রী যথা - সফটওয়্যার পেরিফেরালস, একসেসরিজ ইত্যাদির ব্যবসা, আমদানী ও রপ্তানীর কাজে সরাসরি নিয়োজিত যে কোন ফার্ম, সমবায় সমিতি, অংশীদারী প্রতিষ্ঠান অথবা যে কোন নিবন্ধিত কোম্পানী সাধারণ সদস্য হইতে পারিবে। | **সমিতির সদস্য**<br><br>সাধারণ সদস্য: কম্পিউটারের গঠন, বিক্রয়, উৎপাদন ও কম্পিউটারের সাহায্যকারী সামগ্রী যথা - সফটওয়্যার পেরিফেরালস, একসেসরিজ, ডিজিটাল ডিভাইস ইত্যাদির ব্যবসা, আমদানী ও রপ্তানী, ইন্টারনেট, নেটওয়ার্কিং ও তথ্যপ্রযুক্তি নির্ভর সেবার কাজে সরাসরি নিয়োজিত যে কোন ফার্ম, সমবায় সমিতি, অংশীদারী প্রতিষ্ঠান অথবা যে কোন নিবন্ধিত কোম্পানী সাধারণ সদস্য হইতে পারিবে। | ধারা নং ৬<br><br>সংযোজন |
| সংঘবিধি | ১৬ | ক) নিম্নলিখিত পদসমূহের সমন্বয়ে সমিতির ৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি কার্য নির্বাহী পরিষদ থাকিবে এবং নির্ধারিত পদ্ধতিতে সাধারণ সদস্যদের ভোটে তাহারা নির্বাচিত হইবেন:<br>সভাপতি - ১ জন<br>সহ-সভাপতি - ১ জন<br>মহাসচিব - ১ জন<br>যুগ্ম-মহাসচিব - ১ জন<br>কোষাধ্যক্ষ - ১ জন<br>সদস্য - ২ জন | নিম্নলিখিত পদসমূহের সমন্বয়ে সমিতির ১১ (এগার) সদস্য বিশিষ্ট একটি কার্যনির্বাহী পরিষদ থাকিবে এবং নির্ধারিত পদ্ধতিতে সাধারণ সদস্যদের ভোটে তাহারা নির্বাচিত হইবেন:<br>সভাপতি - ১ জন<br>সিনিয়র সহ-সভাপতি - ১ জন<br>সহ-সভাপতি - ১ জন<br>মহাসচিব - ১ জন<br>যুগ্ম-মহাসচিব - ১ জন<br>কোষাধ্যক্ষ - ১ জন | ধারা নং ১৬<br><br>সংশোধন |

বাংলাদেশ কম্পিউটার সমিতি
BANGLADESH COMPUTER SAMITY
The ICT Industry Association of Bangladesh

| অধ্যায় | ধারা নং | ধারার বর্তমান বিবরণ | ধারার প্রস্তাবিত সংশোধনীর বিবরণ | ধারার সংশোধন/ সংযোজন/ বিলুপ্তিকরণ |
|---|---|---|---|---|
| | | মোট: - ৭ জন<br>কার্যনির্বাহী পরিষদের সকল সদস্য "পরিচালক" বলিয়া গণ্য হইবেন। | পরিচালক - ৫ জন<br>মোট: - ১১ জন<br>কার্যনির্বাহী পরিষদের সকল সদস্য "পরিচালক" বলিয়া গণ্য হইবেন। | |
| সংঘবিধি | ২২ | অফিস বিয়ারারদের ক্ষমতা এবং কর্তব্য<br>সিনিয়র সহ-সভাপতি'র ক্ষমতা এবং কর্তব্য উল্লেখিত নাই।<br>সহ-সভাপতি: কার্যনির্বাহী পরিষদ সিনিয়র সহ-সভাপতির উপর সময় সময় যে ক্রিয়াকলাপ এবং দায়িত্ব অর্পণ করিতে পারেন তাহা ছাড়াও তিনি সভাপতির অনুপস্থিতিতে সভাপতির সকল ক্রিয়াকলাপ এবং কর্তব্য সম্পাদন করিবেন। | অফিস বিয়ারারদের ক্ষমতা এবং কর্তব্য<br>সিনিয়র সহ-সভাপতি: কার্যনির্বাহী পরিষদ সিনিয়র সহ-সভাপতির উপর সময় সময় যে ক্রিয়াকলাপ এবং দায়িত্ব অর্পণ করিতে পারেন তাহা ছাড়াও তিনি সভাপতির অনুপস্থিতিতে সভাপতির সকল ক্রিয়াকলাপ এবং কর্তব্য সম্পাদন করিবেন।<br>সহ-সভাপতি: কার্যনির্বাহী পরিষদ সহ-সভাপতির উপর সময় সময় যে ক্রিয়াকলাপ এবং দায়িত্ব অর্পণ করিতে পারেন তাহা ছাড়াও তিনি সভাপতি এবং সিনিয়র সহ-সভাপতির অনুপস্থিতিতে সভাপতির সকল ক্রিয়াকলাপ এবং কর্তব্য সম্পাদন করিবেন। | ধারা নং ২২<br>সংশোধন |

## সংশোধনী প্রয়োজনীয়তার ব্যাখ্যা

১. সময়ের সাথে তথ্যপ্রযুক্তি খাতের ব্যবসার ধরন বিস্তৃত হওয়ায় সাধারণ সদস্য হওয়ার যোগ্যতায় প্রচলিত কম্পিউটার ও সফটওয়্যারের পাশাপাশি 'ডিজিটাল পণ্য ও সেবা সংক্রান্ত ব্যবসাকে অন্তর্ভুক্ত করার প্রয়োজন দেখা দিয়েছে।
২. আন্তর্জাতিক পর্যায়ে পরিচয় বা আধুনিক তথ্যপ্রযুক্তি খাতের সামঞ্জস্য বিধানের জন্য সংগঠনের নাম পরিবর্তনের প্রস্তাব রাখা হয়েছে।
৩. সমিতির কার্যক্রম আরও গতিশীল করতে কার্যনির্বাহী পরিষদের সদস্য সংখ্যা ৭ জন থেকে বাড়িয়ে ১১ জনে উন্নীত করার প্রস্তাব করা হয়েছে।